363

ভোরের কাগজ

তারিখ ...MAR. 1 0 1999 ... ...

পৃষ্ঠা ৪ কলাম ৭ .....

## সবার জন্য শিক্ষা

শিক্ষা প্রতিটি শিশুর মৌলিক অধিকার। তাই যেকোনো শিশুকে শিক্ষাদান করা যেকোনো সরকার ও নাগরিকের একান্ত কর্তব্য। কারণ দেশ ও জাতি উন্নয়নের জন্য শিক্ষিত জনশক্তি নিতান্ত প্রয়োজন। তাই সরকার এ বিষয়টি অনুধাবন করে ২০০০ সালের মধ্যে নিরক্ষর মুক্ত বাংলাদেশ গড়ে তোলার জন্য 'সবার জন্য শিক্ষা' এ লক্ষ্য বাস্তবায়নে শিশুদের জন্য বিভিন্ন ধরনের শিক্ষার ব্যবস্থা করেছেন।" কিন্তু যেসব শিশু ফুটপাতে জন্মলাভ করে বড়ো হচ্ছে এসব বঞ্চিত শিশুদের শিক্ষার জন্য সরকার কোনো পদক্ষেপই গ্রহণ করেননি। এরা কি এদেশের সন্তান নয়? তাদের দৈন্যদশার জন্য আজ তারা ফুটপাতের বাসিন্দা। কিন্তু তারাও তো মানুষ।

ফুটপাতে বসবাসরত শিশুরাও তো মধ্যবিত্ত ও ধনীর সন্তানদের মতো শিক্ষার আলো দেখতে চায়। তাই এ বঞ্চিত শিশুদের জন্য শিক্ষার আলো নিতান্ত প্রয়োজন। কারণ সরকার নিরক্ষরতা দূরীকরণের জন্য যে উদ্যোগ নিয়েছেন তা বাস্তবায়ন করতে হলে এসব ফুটপাতের শিশুদেরকেও শিক্ষার ব্যবস্থা করতে হবে। এ বঞ্চিত শিশুরা নিরক্ষর থাকলে এদেশে নিরক্ষরতা দূরীকরণ করা সম্ভব হবে না। তাই সরকারি ও বেসরকারি সংস্থা যদি এদের খাদ্য ও বাসস্থানের বিনিময়ে শিক্ষার ব্যবস্থা করেন তবেই দেশ নিরক্ষরতার অভিশাপ হতে মুক্তি পাবে। আর দেশ যদি নিরক্ষরতার অভিশাপ হতে মুক্তি পায় তবেই দেশ একটি উন্নত জাতি হিসেবে পরিচিত লাভ করতে পারবে।

মৃণাল ভট্টাচার্য
পুরানলেন, সিলেট।